তারিখ 27 MAY 2009
পৃষ্ঠা ২৬ কলাম ৭

যুগান্তর

# ক্যাডেট কলেজগুলোর অভাবনীয় সাফল্য

বাংলাদেশ সেনাবাহিনীর তত্ত্বাবধানে পরিচালিত ক্যাডেট কলেজগুলো মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের স্বায়ত্তশাসিত এবং বিশেষায়িত আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান। ১২টি ক্যাডেট কলেজ প্রতিষ্ঠালগ্ন থেকেই ক্যাডেটদের উন্নত শৃংখলা, নিয়মানুবর্তিতা, নিরলস অধ্যবসায়, অভিজ্ঞ শিক্ষকমণ্ডলীর সুদক্ষ পরিচালনা ও অভিভাবকদের আন্তরিক সহযোগিতায় প্রতি বছর মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অভাবনীয় সাফল্য অর্জন করে আসছে। এ বছরও ব্যতিক্রম ঘটেনি। এ বছরও ক্যাডেট কলেজগুলো মাধ্যমিক পরীক্ষায় ৫৮২ জন পরীক্ষার্থীর মধ্যে ৫৭৪ জন (শতকরা ৯৮.৬২%) জিপিএ-৫ (এ+) এবং ৮ জন জিপিএ-৪ পেয়ে অসাধারণ সাফল্য অর্জন করেছে। কলেজওয়ারি পরিসংখ্যান ফৌজদারহাট ক্যাডেট কলেজ পরীক্ষার্থীর সংখ্যা ৫০, জিপিএ-৫ (এ+) ৫০, ঝিনাইদহ ক্যাডেট কলেজ পরীক্ষার্থীর সংখ্যা ৪৬, জিপিএ-৫ (এ+) ৪৬, মির্জাপুর ক্যাডেট কলেজ পরীক্ষার্থীর সংখ্যা ৪৬, জিপিএ-৫ (এ+) ৪৬, রাজশাহী ক্যাডেট কলেজ পরীক্ষার্থীর সংখ্যা ৪৮, জিপিএ-৫ (এ+) ৪৩, জিপিএ-৪ ৫, সিলেট ক্যাডেট কলেজ পরীক্ষার্থীর সংখ্যা ৫০, জিপিএ-৫ (এ+) ৪৮, জিপিএ-৪ ২, রংপুর ক্যাডেট কলেজ পরীক্ষার্থীর সংখ্যা ৫০, জিপিএ-৫ (এ+) ৫০, বরিশাল ক্যাডেট কলেজ পরীক্ষার্থীর সংখ্যা ৪৯, জিপিএ-৫ (এ+) ৪৯, পাবনা ক্যাডেট কলেজ পরীক্ষার্থীর সংখ্যা ৪৭, জিপিএ-৫ (এ+) ৪৭, ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ পরীক্ষার্থীর সংখ্যা ৪৮, জিপিএ-৫ (এ+) ৪৮, কুমিল্লা ক্যাডেট কলেজ পরীক্ষার্থীর সংখ্যা ৪৮, জিপিএ-৫ (এ+) ৪৮, ফেনী গার্লস ক্যাডেট কলেজ পরীক্ষার্থীর সংখ্যা ৫০, জিপিএ-৫ (এ+) ৫০, জয়পুরহাট গার্লস ক্যাডেট কলেজ পরীক্ষার্থীর সংখ্যা ৫০, জিপিএ-৫ ৪৯, জিপিএ-৪ ১। আইএসপিআর।